

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ভান্ডারিয়া, পিরোজপুর।
www.bhandaria.pirojpur.gov.bd

স্মারক নং- ০৫.১০.৭৯১৪.০০৭.২৩.০০১.২০২৪-২২৬


তারিখঃ- ১১/০৩/২০২৪ খ্রি:।

বিষয়ঃ ভান্ডারিয়া উপজেলাধীন ১৩৭ নং উত্তরপূর্ব পৈকখালী আদর্শ সরকারী প্রাথমিক বিদ্যালয়ের জরাজীর্ণ ও পুরাতন
ঝুঁকিপূর্ণ ভবন প্রকাশ্যে নিলাম ডাকের মাধ্যমে বিক্রয় বিজ্ঞপ্তি।

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পিরোজপুর জেলার ভান্ডারিয়া উপজেলার ১৩৭ নং উত্তরপূর্ব পৈকখালী আদর্শ সরকারী প্রাথমিক বিদ্যালয়ে নতুন ভবন নির্মাণের জন্য উক্ত বিদ্যালয়ের ১ টি পুরাতন, জরাজীর্ণ ও ঝুঁকিপূর্ণ ভবন (যেখানে যে অবস্থায় আছে) নিম্নবর্ণিত শর্তে প্রকাশ্যে নিলাম ডাকে বিক্রয় করা হবে। অত্রহী ক্রেতাগণকে আগামী ২০/০৩/২০২৪ খ্রি. তারিখ সকাল ১০ টায় উপজেলা নির্বাহী অফিসার, ভান্ডারিয়া, পিরোজপুর এর দপ্তরে উপস্থিত হয়ে প্রকাশ্যে নিলাম ডাকে অংশগ্রহণের জন্য অনুরোধ করা যাচ্ছে।

শর্ত:

- ১। প্রকাশ্য নিলাম ডাকে অংশগ্রহণের পূর্বে ৫০০ টাকা (অফেরতযোগ্য) জমা দিতে হবে যা সরকারী কোষাগারে সিডিউল বিক্রয় হিসাবে জমা দেওয়া হবে।
- ২। প্রকাশ্য নিলাম ডাকে অংশগ্রহণের পূর্বে ১০,০০০ (দশ হাজার) টাকা জামানত (ফেরতযোগ্য) হিসেবে জমা দিতে হবে। সর্বোচ্চ দরদাতার জামানত ব্যতিত অন্যান্যদের জামানত প্রকাশ্য নিলাম ডাক শেষে ফেরত দেওয়া হবে।
- ৩। সর্বোচ্চ দরদাতাকে মোট মূল্যের উপর নির্ধারিত হারে আয়কর এবং নির্ধারিত হারে ভ্যাট পরিশোধ করতে হবে।
- ৪। সর্বোচ্চ দরদাতাকে ০৭ (সাত) দিনের মধ্যে দরপত্রে উল্লিখিত মূল্যে আয়কর, ভ্যাট ও নিলামকৃত অর্থ ট্রেজারী চালানোর মাধ্যমে সংশ্লিষ্ট সরকারী কোষাগারে নির্দিষ্ট কোড নম্বরে জমা দিতে হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে জমা দিতে ব্যর্থ হলে সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত সহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৫। কার্যাদেশ প্রদানের ০৭ দিনের মধ্যে বিদ্যালয়ের পুরাতন ভবন অপসারণপূর্বক গর্ত মাটি দিয়ে ভরাট করে বিদ্যালয় প্রাঙ্গন সম্পূর্ণ রূপে পরিষ্কার করে দিতে হবে।
- ৬। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন ধরণের শর্ত সংশোধন, সংযোজন বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

 ২২.০৬.২৪

(মো: ইয়াছিন আরাফাত রানা)
উপজেলা নির্বাহী অফিসার
ভান্ডারিয়া, পিরোজপুর।

ও

সভাপতি
উপজেলা নিলাম কমিটি
ভান্ডারিয়া, পিরোজপুর।

তারিখঃ- ১১/০৩/২০২৪ খ্রি:।

স্মারক নং- ০৫.১০.৭৯১৪.০০৭.২৩.০০১.২০২৪-২২৬

অনুলিপিঃ অবগতি / প্রয়োজনীয় কার্যার্থে:

- ১। জেলা প্রশাসক, পিরোজপুর।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভান্ডারিয়া, পিরোজপুর।
- ৩। উপজেলা শিক্ষা অফিসার, ভান্ডারিয়া, পিরোজপুর।
- ৪। উপজেলা প্রকৌশলী, ভান্ডারিয়া, পিরোজপুর। ব্যাপক প্রচারের জন্য বলা হলো।
- ৫। চেয়ারম্যান, ইকড়ি ইউনিয়ন পরিষদ, ভান্ডারিয়া, পিরোজপুর।
- ৬। সহকারী উপজেলা শিক্ষা অফিসার (সকল), ভান্ডারিয়া, পিরোজপুর। ব্যাপক প্রচারের জন্য বলা হলো।
- ৭। সভাপতি / প্রধান শিক্ষক, ১৩৭ নং উত্তরপূর্ব পৈকখালী আদর্শ সরকারী প্রাথমিক বিদ্যালয়, ভান্ডারিয়া, পিরোজপুর। ব্যাপক প্রচারের জন্য বলা হলো।
- ৮। উপজেলা চেয়ারম্যানের অফিস, ভান্ডারিয়া নোটিশ বোর্ড।
- ৯। উপজেলা নির্বাহী অফিস, ভান্ডারিয়া, নোটিশ বোর্ড।
- ১০। উপজেলা শিক্ষা অফিস, ভান্ডারিয়া, নোটিশ বোর্ড।
- ১১। উপজেলা প্রকৌশলী অফিস, ভান্ডারিয়া, নোটিশ বোর্ড।
- ১২। ইকড়ি ইউনিয়ন পরিষদ, ভান্ডারিয়া, নোটিশ বোর্ড।
- ১৩। ১৩৭ নং উত্তরপূর্ব পৈকখালী আদর্শ সরকারী প্রাথমিক বিদ্যালয়, ভান্ডারিয়া, নোটিশ বোর্ড।
- ১৪। অফিস কপি।

 ২২.০৬.২৪

(মো: ইয়াছিন আরাফাত রানা)
উপজেলা নির্বাহী অফিসার
ভান্ডারিয়া, পিরোজপুর।